



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি
নীলক্ষেত্র, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫।
www.latc.gov.bd



স্মারক নং-৩১.০৪.০০০০.০০০.১৮.০১৫.২০২১-৭১৫

তারিখ: ২৮ ভাদ্র, ১৪২৮
১২ সেপ্টেম্বর: ২০২১

সভার নোটিশ

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভা আগামী ১৩/০৯/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় পরিচালক (ভারপ্রাপ্ত)-এর সভাপতিত্বে প্রশিক্ষণ কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(খান এ. সবুর খান)

সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা)

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

ফোন : ৫৮-৬১০৫৯৬

প্রাপক

- ১। উপ-পরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (প্রশাসন), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৩। কোর্স সমন্বয়ক, ২৩তম ও ২৪তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স (প্রশিক্ষার্থীদেরকে উক্ত সভায় অংশগ্রহণের নিশ্চিতকরণের অনুরোধসহ)।
- ৪। সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। হিসাব রক্ষক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (সভায় আপ্যায়নের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরের অংশীজনদের অংশগ্রহণে ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রিয়সিকু তালুকদার,
পরিচালক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ : ১৩/০৯/২০২১
সভার সময় : সকাল ১০.০০ টা
স্থান : প্রশিক্ষণ কক্ষ (৩য় তলা)।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-“ক”

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক আয়োজিত কোর্সের ব্যবস্থাপনা ও সেবার মান বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা) কে অনুরোধ জানালে নিম্নবর্ণিতভাবে আলোচনা হয়।

আলোচনাঃ সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা) সভায় প্রথমে বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান। কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরে উক্ত সভায় উপস্থিত ২৩তম ও ২৪তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সের অংশগ্রহণকারী সহকারী কমিশনার (ভূমি)গণ কোর্স সমন্বয়কসহ উপস্থিত সকলকে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কোর্স সম্পর্কে মতামত প্রকাশের জন্য অনুরোধ করেন। প্রশিক্ষণার্থীগণ প্রতিটি অধিবেশন ফলপ্রসূ হচ্ছে, বক্তাগণের উপস্থাপনা সুন্দর ও সাবলীল, ডরমিটরী ও ডাইনিং এর মান ভাল মর্মে মতামত প্রদান করেন। অধিকাংশ প্রশিক্ষণার্থীই কোর্সটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাদের জন্য কার্যকরী ও বক্তাগণের উপস্থাপনা অনেক সমৃদ্ধ বলে উল্লেখ করেছেন। এ কেন্দ্রের কোর্স ব্যবস্থাপনা খুব চমৎকার এবং এ ধরনের প্রশিক্ষণ কোর্স তাদের কর্মদক্ষতা ও সেবা প্রদানের মান বৃদ্ধিতে সহায়ক হবে বলে প্রত্যেক প্রশিক্ষণার্থীই অভিমত প্রকাশ করেছেন। সভায় প্রশিক্ষণ কোর্স সম্পর্কে তারা নিম্নবর্ণিতভাবে কিছু সুপারিশ করেছেনঃ

- ১) সহকারী কমিশনার (ভূমি) গণের কোর্সে মাঠসংযুক্তিতে রেভিনিউ কোর্ট পরিচালনার ব্যবহারিক সেশন কোর্স রাখা যেতে পারে।
- ২) ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর ও ভূমি তথ্য ব্যাংক সংক্রান্ত ব্যবহারিক অধিবেশন রাখা যেতে পারে।
- ৩) প্রশিক্ষণ কোর্সে লিখিত পরীক্ষার চেয়ে ব্যবহারিক পরীক্ষা, কেস স্টাডি বিশ্লেষণ ও তাৎক্ষণিক কুইজ বেশি রাখা যেতে পারে।
- ৪) প্রতিটি কোর্সের ব্যাচ অনুসারে ৬ মাস কাজ করার পর সহকারী কমিশনার(ভূমি)গণের জন্য ৫দিনের রিফ্রেশার্স কোর্সের আয়োজন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত বিভিন্ন কোর্সের ব্যবস্থাপনার মান বজায় রাখা এবং কোর্স সম্পর্কে অংশগ্রহণকারীদের সুপারিশ/ মতামত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত

(প্রিয়সিকু তালুকদার)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ও সভাপতি

জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি
ফোন : ৯৬৩৪০৯৪

স্মারক নম্বর-৩১.০৪.০০০০.০০০.১৬.০০৭.২০২১-

৭২৩

তারিখ: ৬০ ভাদ্র ১৪২৮
০৪ সেপ্টেম্বর: ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব, এপিএ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রশিক্ষণ), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৪। জনাব ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।



(প্রিয়সিন্ধু তালুকদার)

পরিচালক (ভারপ্রাপ্ত)

ও সভাপতি

জাতীয় শুদ্ধাচার নৈতিকতা কমিটি